# চট্টগ্রামে হেফাজতে ইসলামের আমিরের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

চট্টগ্রামের ফটিকছড়িতে হেফাজতে ইসলাম বাংলাদেশের আমির শাহ মুহিব্বুল্লাহ বাবুনগরীর সঙ্গে দেখা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (৯ আগস্ট) বিকেল সোয়া ৪টার দিকে বাবুনগর মাদরাসায় যান তিনি।

প্রধানমন্ত্রী সেখানে পৌঁছালে তাঁকে স্বাগত জানান হেফাজতে ইসলাম বাংলাদেশের আমির এবং তাঁর ছেলে মাওলানা আইয়ুব বাবুনগরী। পরে দুই নেতার মধ্যে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় হয়। এ সময় হেফাজত আমিরের শারীরিক অবস্থার খোঁজ নেন প্রধানমন্ত্রী।

আলোচনায় দেশের ধর্মীয় সম্প্রীতি ও ইসলামের প্রসঙ্গ উঠে আসে। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ নিজ নিজ ধর্ম পালন করে বসবাস করবে। পাশাপাশি ইসলামের মূল্যবোধ ও আদর্শকে সামনে রেখে ধর্মীয় কার্যক্রম এগিয়ে নেওয়ার কথাও বলেন তিনি।

সাম্প্রতিক বিভিন্ন ঘটনা নিয়ে বিভ্রান্তি ছড়ানোর বিষয়েও কথা বলেন প্রধানমন্ত্রী। তাঁর অভিযোগ, অতীতে যারা দেশকে ভিন্ন পথে পরিচালিত করতে চেয়েছিল, তাদের কেউ কেউ এখনো নানা ধরনের বিভ্রান্তি তৈরির চেষ্টা করছে।

দেশ পরিচালনার দায়িত্ব যেন ঈমান ও সততার সঙ্গে পালন করতে পারেন, সে জন্য হেফাজতে ইসলামের আমিরের কাছে দোয়া চান প্রধানমন্ত্রী।

সাক্ষাতে আরও উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ, ভূমি ও পার্বত্য চট্টগ্রাম বিষয়ক প্রতিমন্ত্রী মীর মোহাম্মদ হেলাল, স্থানীয় সংসদ সদস্য সরোয়ার আলমগীর এবং হেফাজতে ইসলামের মহাসচিব সাজিদুর রহমান।

LENS ASIA